বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 7

240

## বি, সি, এস, পরীক্ষা পিছাবেন না

বি, সি, এস, ('৮৮-৮৯) পরীক্ষার তারিখ পিছানোর কথা কেউ কেউ বলেছেন। যে কোন বি, সি, এস, পরীক্ষা আরম্ভ হয়ে সম্পূর্ণ শেষ হতে প্রায় এ বছর সময় লেগে যায়। এজন্য একবারের পরীক্ষায় অকৃতকার্য অনেকেই চাকরির বয়স হারিয়ে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পায় না। ১৯৮৩ সালের পর থেকে নিয়মিত বি, সি, এস, পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা শোনা গিয়েছিল। কিন্তু ন্যানা কারণে প্রতি বছরই কিছু কিছু দেরী হওয়াতে ১৯৮৭ সালের পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। একই কারণে ১৯৮৮-৮৯ সালের পরীক্ষা এক সাথে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এমতাবস্থায় এবারের বি, সি, এস পরীক্ষার তারিখ না পিছানোর জন্য পাবলিক সার্ভিস কমিশন সমীপে আকুল আবেদন জানাচ্ছি।

—জনৈক পরীক্ষার্থী,
বানারীপাড়া,
বরিশাল।